**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর**
**"প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রিজেস"**
**আগারগাঁও, শেরে বাংলা নগর**
**ঢাকা-১২০৭।**
www.lged.gov.bd


শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৯২৭.১৪.০১১.১৯- ৫১১ তারিখঃ ১২ / ০৭ /২০২০ইং।

প্রতি,

নির্বাহী প্রকৌশলী,
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ................................। (৬১টি জেলা)

**বিষয়ঃ এলজিইডি'র আওতায় "প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রিজেস" শীর্ষক কর্মসূচীর অধীনে বাস্তবায়িতব্য ব্রিজসমূহের Sub Soil Investigation কাজ প্রসংগে।**

সূত্রঃ অত্র দপ্তরের স্মারক নম্বরঃ ৪৬.০২.০০০০.৯২৭.১৪.০১১.১৯-৬৩৫(৬১) তারিখঃ ০৫/০৯/২০১৯ ইং

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র আওতায় "প্রোগ্রাম ফর সাপোটিং রুরাল ব্রিজেস" শীর্ষক কর্মসূচীর অধীনে উপজেলা ও ইউনিয়ন সড়কে ১০০ মিটার এর নীচের ব্রিজসমুহের Capacity Expansion, Replacement এবং New Construction ক্যাটাগরীতে প্রাথমিকভাবে নির্বাচিত ব্রিজের Sub-Soil Investigation এর কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে Terms of Reference (ToR) হালনাগাদ করা হয়েছে। হালনাগাদকৃত ToR অনুসরণে বিভিন্ন গভীরতায় Boring এর একক দর প্রস্তুত করা হয়েছে।

এমতাবস্থায়, নির্বাচিত ব্রিজের Sub-Soil Investigation সম্পাদনের ক্ষেত্রে নিম্নেবর্ণিত নির্দেশনা, সর্বশেষ সংযুক্ত ToR এবং Boring এর একক দর অনুসরণ করতে নির্দেশনা প্রদান করা হলো।

(ক) সংশ্লিষ্ট জেলাসমুহের নির্বাহী প্রকৌশলীগন Sub-Soil Investigation এর প্রাক্কলন, APP এবং ক্রয় পদ্ধতির (RFQ) প্রস্তাব সদর দপ্তরে প্রেরনকরতঃ অনুমোদন গ্রহণ পূর্বক কার্যক্রম গ্রহণ করবেন।

(খ) সংযুক্ত ToR এবং অনুমোদিত প্রাক্কলনের আলোকে RFQ পদ্ধতিতে নির্বাহী প্রকৌশলীগণ তাঁর জেলার প্রয়োজনীয় সংখ্যক ব্রিজের জন্য মান সম্পন্ন প্রতিষ্ঠান নিয়োগ করবেন। এক্ষেত্রে এলজিইডি'র বিভিন্ন প্রকল্প হতে ইতোমধ্যে সম্পাদিত এবং এলজিইডি'র ডিজাইন ইউনিট কর্তৃক গ্রহণযোগ্য Sub-Soil Investigation Report প্রদানকারী ফার্মসমুহকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

(গ) Soil Test কার্য সম্পাদনের সময় সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ তার উপযুক্ত প্রতিনিধির (কারিগরী জ্ঞানসম্পন্ন) উপস্থিতি নিশ্চিতসহ তারিখ উল্লেখপূর্বক সাইটের Colour Photograph/Video সংরক্ষণ করবেন। যা পরবর্তীতে Report এ সংযুক্ত করতে হবে। Sub-Soil Investigation এর Hard copy ও Soft copy সদর দপ্তরের প্রকল্প অফিসে কাজ সম্পাদনের পর অনতিবিলম্বে প্রেরণ করবেন।

(ঘ) সংযুক্ত ToR অনুযায়ী প্রতিটি Test sample এর ১টি অংশ টেষ্ট এর জন্য এবং ১টি অংশ উপজেলা প্রকৌশলীর দপ্তরে সংরক্ষন করবেন। যা পরবর্তীতে প্রয়োজন সাপেক্ষে সংশ্লিষ্ট ফার্মের রিপোর্টের সঠিকতা যাচাইয়ের জন্য Procuring Entity(PE) কর্তৃক সংগ্রহ করে এলজিইডি'র Central Lab অথবা Other reputed Lab এ Test এর জন্য ব্যবহার করতে পারেন।

(ঙ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ তার জেলাধীন বিভিন্ন উপজেলার ব্রিজ নির্মাণের লক্ষ্যে ইতোপূর্বে সম্পাদনকৃত Sub-Soil Investigation প্রতিবেদন এর অভিজ্ঞতা বিবেচনা করে On land এবং In water এ বিভিন্ন গভীরতায় (Depth) প্রতি Boring এর ক্ষেত্রে একটি নির্দিষ্ট গভীরতা পর্যন্ত Boring এর একক দর নির্বাচনপূর্বক প্রাক্কলন প্রস্তুত করবেন।

(চ) সংযুক্ত ToR এ অনুচ্ছেদ (৪) অনুযায়ী প্রতিটি ব্রিজের জন্য Bore-hole layout চিহ্নিত করতঃ Channel/Khal এর ৩(তিন)টি Cross section (প্রস্তাবিত ব্রিজ সাইট, প্রস্তাবিত ব্রিজ সাইট হতে ১৫ মিটার Upstream এবং ১৫ মিটার Downstream) Sub-Soil Investigation Report এর সাথে সংযুক্ত করতে হবে। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ উক্ত রিপোর্টের সহিত ব্রিজে সাইটের Topographical map প্রস্তুত করে উহার Hard copy এবং Soft copy সহ প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(ছ) Soil Test সম্পন্ন হওয়ার ২(দুই) দিনের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী'র স্বাক্ষরিত Bore-hole chart এর scan কপি PMU অফিসের ই-মেইল (pd.suprb@lged.gov.bd) এ প্রেরণ নিশ্চিত করবেন। কোন অবস্থাতে বিলম্ব করা যাবে না।

(জ) Soil Test করার পূর্বে উপরোল্লিখিত ক্যাটাগরীর ব্রিজ এপ্রোচের উভয়পার্শে সড়কের Existing Crest Width এর পরিমাণ এবং Crest Width কি পরিমাণ বৃদ্ধি করা যাবে তা সরেজমিনে যাচাই করে প্রেরণ করবেন, যা পরবর্তীতে এলজিইডি'র ডিজাইন ইউনিটের Guideline এবং প্রকল্পের নির্ধারিত Catalogue সমন্বয় করে ডিজাইন প্রনয়নের সময় বিবেচনা করা হবে।

(ঝ) উল্লেখ্য যে, সদর দপ্তর হতে প্রাথমিকভাবে নির্বাচিত ব্রিজের সাইট এলজিইডি'র ডিজাইন ইউনিট কর্তৃক Structural Review সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত রিপোর্ট ও পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত Sub-Soil Investigation কার্যক্রম গ্রহণ করা যাবে না। **Structural Review** ব্যতীত **Sub-Soil Investigation** করা হলে উক্ত কাজের অর্থ ছাড় করা হবে না।

সংযুক্তঃ ১) ToR (Terms of Reference, **Ver:**July,2020)- ০৩(তিন) প্রস্থ।
২) প্রতি Boring এর একক দর- ১(এক) প্রস্থ।

১২/৭/২০২০


**(মোঃ শাহজাহান মোল্লা)**
প্রকল্প পরিচালক
ও
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
ফোন-০২-৯১২৯১০০
ই-মেইলঃ pd.suprb@lged.gov.bd


**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে**

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগঃ...............................।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চলঃ...............................।
০৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ...............................।